দৈনিক জনকণ্ঠ

১৫

তারিখ ... JUL. 7 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

জনকণ্ঠে প্রকাশের পর—

# দরিদ্র মেধাবী খালেকের উচ্চশিক্ষার পথ করে দিলেন প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥ বগুড়ার প্রত্যন্ত গ্রামের প্রতিবন্ধী দুস্থ পিতার মেধাবী সন্তানের উচ্চশিক্ষার পথ করে দিলেন প্রধানমন্ত্রী। এ বছর রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষায় মানবিক ও সমাজবিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ষষ্ঠ স্থান অধিকার করে বগুড়ার চাঁচাইতারা খালিশাকান্দি গ্রামের প্রতিবন্ধী ও দুস্থ তফের আলীর ছেলে আব্দুল খালেক। ১৮ জুন সংখ্যার দৈনিক জনকণ্ঠে 'ছেলে ষষ্ঠ স্থানে, প্রতিবন্ধী দুস্থ পিতার লড়াইয়ে প্রথম জয়' শিরোনামে খবরটি সর্বপ্রথম প্রকাশিত হলে তা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নজরে পড়ে। প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু স্মৃতি ট্রাস্ট থেকে আব্দুল খালেককে প্রতিমাসে ৫শ' টাকা করে বৃত্তি প্রদান ও প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে এককালীন পঞ্চাশ হাজার টাকা অনুদান প্রদান করেছেন। প্রধানমন্ত্রীর এ ঘোষণা ৪ জুলাই রাতে বাংলাদেশ টেলিভিশনের ৮টার সংবাদ ও ১০টার ইংরেজী সংবাদে প্রচার করা হয়।